200 Rs.




Admissible under Regn. Rule 21 also under Section ...5... of the Bengal [illegible] Act/ ~~Nonagricultural Tenancy~~ Act duly Stamped ~~or exempted~~ [illegible] require Stamp duty under the Indian Stamp Act 1899 & also as amended by W. B. Stamp Amendment Act XVII of 1886.
Schedule IA No ...23...

FEES PAID

স্হাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা মূল্য ৭২০০ টাকা ।

| কোবালা গ্রহীতাঃ- | কোবালা দাতাঃ - |
| --- | --- |
| শ্রী সুবোধ চন্দ্র সেনগুপ্ত, পিতা শ্রী সতীশ চন্দ্র সেনগুপ্ত, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং ২৭এ, সুধীর চ্যাটার্জ্জী স্ট্রীট, কলিকাতা-৬ । | শ্রী জীতেন্দ্র নাথ বক্সী, পিতা মৃত শ্যামা চরন বক্সী, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং যাদবপুর,- হাসপাতাল, থানা যাদবপুর, জেলা ২৪ পরগণা। |

কস্য স্হাবর সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে - জেলা ২৪ পরগণা সাবরেজেষ্ট্রি অফিস আলিপুর, থানা সাবেক সদর টালিগঞ্জ হাল যাদবপুর, পরগণা খাসপুর, ১৫১ নং তৌজী ভুক্ত জেঃ এলঃনং ২২, মৌজা সন্তোষপুর গ্রামে সাবেক ১০নং খতিয়ান ভুক্ত ৬৬০ নং দাগে [illegible]

14429.
Subodh Ch. Sengupta.
27/A Sudhir Chatterjee St.
Cal-6.

Cal.

12/3/ 1968.

THE SEAL OF THE SUB-REGISTRAR-ALIPUR

1 @ Rs. 200.00.
1 @ Rs. 2.00
202.00

(Bengali signature)

12/2 ... 13th
day of Month 68 at the Office
of the Sub-Registrar Alipur
Sadar by Jitendra Nath Barkshi
Executant of ...

(signature)

Jitendra Nath Barkshi
S/o Lt. Shyama Charan Barkshi
Jadabpur Hospital
Jadabpur
24 Pargs
Caste Hindu ... Profession Service

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS
12/2/68

(Bengali signature)

2090

(signature)

Surendra Ch. Roy
Son/W/o Lt. Nagendra Ch. Roy
Santoshpur
Jadabpur
24 Pargs
Caste Hindu ... Profession Business

Rs. 6699/- as consideration
is paid in my presence
by Subodh Ch. Sen Gupta
to Jitendra Nath Barkshi

(Bengali signature)

(signature) 12/2/68
Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS

2R$50nP

INDIA

दो रुपये पचास नये पैसे

दो रुपये पचास नये पैसे

TWO RUPEES भारत FIFTY NAYE PAISE



—৫৮ শতক বায়তি দখলী স্বত্ব বিশিষ্ট ডাঙ্গা জমির মধ্য হইতে একটি ক্ষুদ্র প্লটে স্বতন্ত্র ভাবে ও সুচিহ্নিত ভাবে কমবেশ ১৩।০২৩' তিন কাঠা চার ছটাক তেইশ বর্গ ফিট জমিও উহার লাগ দক্ষিন ও পশ্চিম দিকস্থ ১৫ ফুট প্রস্থ প্যাসেজ বা রাস্তার ১১ এক কাঠা জমি রাস্তা স্বরূপে ব্যবহার করিবার যাবতীয় সুযোগ সুবিধা ইজমেন্ট ও বর্ত্ত স্বত্ব যুক্তে মোট ১৪।০২৩ চার কাঠা চার ছটাক তেইশ বর্গ ফিট জমি মায় উক্ত জমি সংলগ্ন ও সন্নিহিত উক্ত দক্ষিন ও পশ্চিমের ১৫ ফিট রাস্তার সহিত সংযুক্ত অন্যান্য রাস্তার যাবতীয় ইজমেন্ট ও বর্ত্ত স্বত্ব সমেতদরবস্থ হক হকুক সম্পত্তি অত্র কোবালার বিষয়ীভূত বিক্রিত সম্পত্তি হইতেছে। যাহা অত্র কোবালার নিম্ন ।ক। তপশীলে বিশেষ ভাবে বর্নিত ও চৌহদ্দিস্থিত রহিল।

উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্নিত সম্পত্তি সমেত মোট কমবেশ ২৯২৴ বিঘা জমি জনৈক গড়ফা নিবাসী বিহারী লাল মণ্ডল মহাশয়ের মালিকী নির্ব্যূঢ় স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে এবং বিগত ইংরাজী ৩০।৪।১৯৩৮ তারিখে সম্পাদিত রেজেষ্ট্রি কৃত এক কেতা সাফ বিক্রয় কোবালা মূলে উক্ত ২৯২৴ বিঘা জমি জনৈক শ্রী অনিল চন্দ্র চৌধুরী মহাশয় উক্ত বিহারী লাল মণ্ডল মহাশয়ের নিকট হইতে উপযুক্ত পনে খরিদ করেনএবং উহার দখল প্রাপ্ত হইয়া তদবধি উহা খাসে একাকী ষোল আনা অন্যের বিনা স্বত্ব্বাংশে সংশ্রবে উক্ত খরিদা সূত্রে মালিক হিসাবে ভোগ দখল করিতে থাকেন এবং উক্ত সম্পত্তি সম্পর্কে নিজ নাম গঠন পূর্বক উক্ত সম্পত্তির মধ্য দিয়া রাস্তা ঘাট ইত্যাদি নির্মানে উক্ত সম্পত্তি ক্ষুদ্র ক্ষুদ্র বাসপোযোগী প্লটে বিভক্ত করিয়া উক্ত সম্পত্তির উন্নতি সাধন করিয়া বিভিন্ন —

No. 14429.

Sold to Subodh Ch. Sengupta.
27/A Sudhir Chatterji St.
of Cal- 6.

Calcutta Collectorate,
Treasury.
Dated 12/3/ 1968.

[signature]
Stamp Vendor

1 @ Rs. 200.00.
1 @ Rs. 2-00
202.00

THE SEAL OF THE SUB-REGISTRAR ALIPUR
DIST. 24-PARGANAS

[signature] 12/6/68
Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS

68

PARGANAS

কোবালা দাতা আমি বিগত ইংরাজী ১৪।৫।১৯৬৪ তারিখে উক্ত অনিল চন্দ্র চৌধুরী মহাশয়ের নিকট হইতে উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্ণিত ৵৩।০২৩' তিন কাঠা চার ছটাক তেইশ বর্গ ফিট' জমি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্হায় এক কেতা রেজেষ্ট্রি কৃত সাফ্ কোবালা মূলে খরিদ করি এবং উক্ত সম্পত্তির খাস দখল প্রাপ্ত হইয়া উহা তদবধি অন্যের বিনা স্বত্ব দখল সংশ্রবে ভোগ দখল করিতে থাকি। কোবালা দাতা আমার নাম বরাবর উক্ত অনিল চন্দ্র চৌধুরী মহাশয় সম্পাদিত সাফ কোবালা আলিপুর সাবরেজেষ্ট্রি অফিসে রেজেষ্ট্রি হইয়া ১নং বহির ৭৮ নং ভলুমে ১১৭ হইতে ১২১ পৃষ্ঠায় ইংরাজী সন ১৯৬৪ সনের ৩৬৭৪ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে। উক্ত ৵৩।০২৩' ফিট জমি সমেত উহার লাগ দক্ষিণ ও পশ্চিমের ১৫' ফুট প্রশস্ত প্যাসেজ বা রাস্তার ৵১ এক কাঠা জমি রাস্তা স্বরূপে যাবতীয় স্বত্বে ব্যবহারের যাবতীয় স্বত্ব যুক্তে এবং অন্যান্য রাস্তার সর্ব্ব প্রকার ইজমেন্ট ও বর্ত্ত স্বত্ব যুক্তে উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্নিত সম্পত্তি উক্ত খরিদা সূত্রে নির্ব্যূঢ় স্বত্বে কোবালা দাতা আমি খরিদ কাল তক্ ভোগ দখল করিয়া আসিতেছি এবং বর্ত্তমানে উহা আমার খাস দখলে খালি অবস্থায় সম্পূর্ন - নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্হায় আছে। কোবালা দাতা আমার খরিদা উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্নিত সম্পত্তি আমার খরিদা কোবালা সংলগ্ন নকস্যায় লাল বর্নে রঞ্জিত ও প্রদর্শিত আছে এবং আমার খরিদা জমি সংলগ্ন লাগ দক্ষিন ও পশ্চিমের ১৫ ফুট প্রশস্ত রাস্তা বা প্যাসেজ উক্ত নকসায় দেখান আছে। কোবালা দাতা আমি উক্ত ও নিম্ন ।ক। তপশীল

THE SEAL OF THE SUB-REGISTRAR-ALIPUR
DIST.-24-PARGANAS

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS

বর্ণিত সম্পত্তি সম্পর্কে নিজ নাম পশ্চিম বঙ্গ সরকার সেরেস্তায় পত্তন পূর্ব্বক ধার্য্য খাজনাদি আদায় দিয়া উহা নির্ব্বিবাদে পরম সুখে ভোগ দখল করিতেছি ।

এমতাবস্থায় সাংসারিক নানা কারণে আমার অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্ণিত সম্পত্তি আমি বিক্রয় করিবার জন্য সোহরৎ দিলে কোবালা গ্রহীতা আপনি তাহা অর্থাৎ উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্নিতসম্পত্তি বর্ত্তমান বাজারোচিৎ মূল্য কমবেশ প্রতি কাঠা ২২০০্ দুই হাজার দুইশত টাকা পনে খরিদ করিতে সম্মত হইয়া আমার নিকট প্রস্তাব করেন এবং কোবালা দাতা আপনার প্রস্তাবে সম্মত হইয়া প্রতি কাঠা ২২০০্ টাকা মূল্য হিসাবে উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্নিত সম্পত্তি মোট ৭২০০্ সাত হাজার দুইশত টাকা মূল্যে কোবালা গ্রহীতা আপনাকে বিক্রয় করিতে চুক্তিবদ্ধ হই এবং আপনার অনুকূলে বিগত ইংরাজী ৭।২।১৯৬৮ তারিখে এক কেতা কাঁচা বায়না পত্র সহি সম্পাদন করিয়া দেই।

এক্ষণে অদ্য তারিখে কোবালা গ্রহীতা আপনার নিকট হইতে উক্ত বায়না পত্রের সর্ত্তানুসারে মোট ৭২০০্ সাত হাজার দুই শত টাকা উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্নিত সম্পত্তির মূল্য বাবদ নিম্ন ।খ। তপশীলের জায় মত নগদ বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে কোবালা দাতাআমি — উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্নিত সম্পত্তি অত্র কোবালা মূলে কোবালা গ্রহীতা আপনাকে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিয়া দিয়া এতদ্বারা স্বীকার অঙ্গীকার প্রচার ও প্রকাশ করিতেছি যে — অদ্য খরিদা মতে কোবালা

THE SEAL OF THE SUB - REGISTRAR - ALIPUR
DIST. - 24 - PARGANAS

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS

কোবালা গ্রহীতা আপনি উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্ণিত সম্পত্তির নির্ব্যূঢ় সত্ত্বাধিকারী মালিক ও দখলিকার হইলেন এবং উহা পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে দান বিক্রয় বন্ধকাদি যাবতীয় হস্তান্তর রূপানুরকরণের ক্ষমতা যুক্তে ভোগ দখল করিতে থাকুন , তাহাতে কোবালা দাতা আমি ওয়ারেশ ও স্থলাভিষিক্ত গণ ক্রমে কখনও কোনও প্রকারে ওজর আপত্তি করিব না বা করিবে না এবং করিলেও তাহা সর্ব্বথা বাতিল ও নামঞ্জুর হইবে ।

প্রকাশ থাকে যে কোবালা দাতা আমি কোবালা গ্রহীতা - আপনার নিকট হইতে পণের অন্দরে বায়না বাবদ ইতি পূর্ব্বে ৫০১ পাঁচ শত এক টাকা গ্রহণ করিয়াছি এবং পণের বক্রী টাকা ২২০০ টাকা প্রতি কাঠার মূল্য মোট ৭২০০ সাত হাজার দুই শত টাকা নিম্ন ।।খ।। তপশীলের জায় মত অদ্য তারিখে সম্পূর্ণ রূপে বুঝিয়া পাইয়াছি ।

কোবালা দাতা আমি এতদ্বারা পুনরায় স্বীকার অঙ্গীকার, প্রচার ও প্রকাশ করিতেছি যে - উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে কাহাকেও বিক্রয় করিবার জন্য কোন লিখিত বা মৌখিক চুক্তি করিনাই এবং উহা কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই এবং উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার খাস দখলে খালি অবস্থায় আছে এবং তদবস্থায় উহার খাস দখল আপনাকে প্রদান করিয়া বুঝাইয়া দিলাম।

আরও প্রকাশ থাকে যে উক্ত সম্পত্তি কোন মামলা মোকদ্দমায় জড়িত

THE SEAL OF THE SUB-REGISTRAR-ALIPUR

DIST.-24-PARGANAS

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS

কোন প্রকার দাবী দাওয়া মালিকানা স্বত্ব দখল অধিকার ছিল না বা নাই এবং উহাতে কোন খোর পোষাদির চার্জ্জ নাই বা অন্য কোন প্রকার চার্জ্জ নাই। উক্ত সম্পত্তি কোন দেবোত্তর পীরোত্তর বা ওয়াকফ ভুক্ত নহে বা উহা কোন ট্রাস্ট বা দাতব্য উদ্দেশ্যে অর্পিত হয় নাই। উক্ত সম্পত্তি বা তাহার কোন অংশের উপর কাহারও কোন প্রকার ইজমেন্ট বা বর্ত্ত স্বত্ব নাই বা অর্পণ নাই এবং উহাতে কোন শরিক বা প্রজা বিলি নাই বা উহার উপর কোন আদালত কর্তৃক কোন নিষেধাজ্ঞা প্রচারিত নাই বা হয় নাই।

প্রকাশ থাকে যে উক্ত সম্পত্তি আয়কর ইত্যাদি সংক্রান্ত কোন প্রকার সার্টিফিকেট কেসাদিতে জড়িত নাই। উক্ত সম্পত্তি কোন - এলাইন মেন্ট ভুক্ত নহে বা উহা এ্যাকুইজিসন বা রিকুইজিসন হইবার জন্য গভর্ণমেন্ট বা কোন পাবলিক বডি কর্তৃক কোন রূপ নোটিশ প্রচারিত বা প্রকাশিত হয় নাই এবং উহা এ্যাকুইজিসন ভুক্ত নহে।

কোবালা গ্রহীতা আপনি অত্র খরিদা মূলে উক্ত সম্পত্তির ষোল আনা নির্ব্যূঢ় স্বত্বে মালিক ও দখলিকার হইলেন এবং আপনার নাম আপনি পশ্চিম বঙ্গ সরকার সেরেস্তায় ও অন্যান্য স্থলে পত্তন করিয়া লইতে পারিবেন এবং তাহাতে কোবালার দাতা আমি আপনাকে সর্ব্বতো ভাবে সাহায্য করিব। কোবালা দাতা আমি কোবালা গ্রহীতা আপনাকে আমার খরিদা মূল কোবালা ও অন্যান্য কাগজ পত্রাদি প্রদান করিলাম।

কোবালা দাতা আমার উপরোক্ত উক্তি সমূহের উপর নির্ভর করিয়া কোবালা গ্রহীতা আপনি অত্র খরিদ কার্য্য সম্পন্ন করিলেন। যদি অমধ্যে -

THE SEAL OF THE SUB-REGISTRAR-ALIPUR
DIST. 24-PARGANAS

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS

কোন উক্তি মিথ্যা বা ভঞ্চকী থাকা প্রকাশ পায় এবং তাহার জন্য কোবালা গ্রহীতা আপনি বা আপনার ওয়ারেশ ও স্থলবর্তী গনের কেহ উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্নিত সম্পত্তি বা তাহার কোন অংশ হইতে স্বত্ব হীন ও দখলচ্যুত হয়েন তাহা হইলে কোবালা দাতা আমি ওয়ারেশ ও স্থলাভিষিক্ত গণ ক্রমে পণের সম্পূর্ন মূল্য মায় খেসারতাদি চাহিবা মাত্র কোবালা গ্রহীতা - আপনাকে আদায় দিতে বাধ্য থাকিব ।

আরও প্রকাশ থাকে যে অত্র দলিলে যদি কোন ভুল ভ্রান্তি থাকে বা থাকা প্রকাশ পায় তাহা হইলে কোবালা দাতা আমি কোবালা গ্রহীতা আপনার খরচায় সংশোধক বা পরিপোষক দলিলাদি সম্পাদন করিয়া দিব ।

কোবালা দাতা আমি এতদ্বারা পুনরায় স্বীকার, অঙ্গীকার, প্রচার ও প্রকাশ করিতেছি যে - উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্নিত জমির লাগ দক্ষিন ও পশ্চিম সংলগ্ন ১৫'ফুট প্রশস্ত রাস্তা বা প্যাসেজ এবং অন্যান্য স্কীম প্লট ভুক্ত রাস্তার যাবতীয় ইজমেন্ট ও বর্ত্ত স্বত্ব ও সুযোগ সুবিধা আপনি অত্র কোবালা মূলে প্রাপ্ত হইলেন এবং আপনার প্রয়োজন অনুসারে উক্ত রাস্তার তলদেশ দিয়া জলের পাইপ , টেলিফোন ইলেকট্রিকের তার লইয়া যাইতে পারিবেন এবং উক্ত রাস্তার উপর দিয়া আপনার জমি সংলগ্ন সারফেস ড্রেণ বা নর্দ্দমা নির্মাণ করিতে ও লইয়া যাইতে পারিবেন । এবং উক্ত দক্ষিন ও পশ্চিমের ১৫ ফুট রাস্তার উপর দিয়াও প্রয়োজন হইলে পোষ্টের সাহায্যে ইলেকট্রিক ও টেলিফোনের তার লইয়া যাইতে পারিবেন , তবে কোন কারণেই উক্ত রাস্তার কোন প্রকার ক্ষতি করিতে পারিবেন না বা উহার উপর দিয়া

THE SEAL OF THE SUB-REGISTRAR-ALIPUR DIST.-24-PARGANAS

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS
10/2/68

চলাচল বা যাতায়াতের কোন বাধা সৃষ্টি করিতে পারিবেন না ।

এতদর্থে সুস্থ শরীরে সরলান্তকরণে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম সম্যক অবগত থাকিয়া ও বুঝিয়া এবং পণের সম্পূর্ন মূল্য নিম্ন ।খ। তপশীলের আয় মোতাবেক বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে কোবালা দাতা আমি অত্র সাফ বিক্রয় কোবালা, কোবালা গ্রহীতা আপনার অনুকূলে যথারীতি সহি সম্পাদন ও রেজেস্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ইং ১৯৬৮ সালের ১৩ই মার্চ । মোতাবেক বাংলা ১৩৭৪ সালের ২৯শে ফালগুন । ✓

।ক। তপশীল বিক্রীত সম্পত্তির

পরিচয়, বিবরণ ও চৌহদ্দিঃ –

জেলা ২৪ পরগণা সাবরেজেস্ট্রি আলিপুর , সাবেক থানা সদর টালিগঞ্জ হাল যাদবপুর , ১৫১ নং তৌজী ভুক্ত পরগণা খাসপুর, সাবেক হালতু ইউনিয়ন এবং হাল হালতু গ্রাম পঞ্চায়েতের অধীন জেঃ এলঃ নং ২২, মৌজা সন্তোষপুর গ্রামে সাবেক ডিঃ সেঃ ১০ নং খতিয়ানের অনুর্গত ৬৬০ ছয় শত ষাট নং দাগের ৫৮ শতক ডাঙ্গা জমির মধ্য হইতে কমবেশ ৴৩।০২৩ তিন কাঠা চার ছটাক তেইশ বর্গ ফিট – রায়ত মোকররী স্বত্বীয় ডাঙ্গা জমি যাহা হাল রিভিসনাল সেটেলমেন্টের ১৪ নং খতিয়ানের অনুর্গত ৭৪১ নং দাগে –৫৮ শতক ডাঙ্গা জমির মধ্যে উপরোক্ত কমবেশ ৴৩।০২৩ তিন কাঠা চার ছটাক তেইশ বর্গ ফিট রায়ত মোকররী স্থিতিবান স্বত্বীয় ডাঙ্গা জমি হইতেছে , যাহা অনিল চন্দ্র চৌধুরী কর্তৃক কৃত স্কীমের

THE SEAL OF THE SUB-REGISTRAR-ALIPUR

DIST.-24-PARGANAS

Sub-Reg[illegible] of [illegible] 12/7/2048

Dist. 24 PARGANAS


MOUJA SANTOSHPUR J.L.NO 22 P.S. JADABPUR, DT-24 PARGANAS: PLAN OF POR! OF C.S. DAG NO 660 (SCALE 1"=40'FT)

BORDER OF C.S. DAG SHOWN - - -

REFERENCE OF PLOT NO 10

| | K | CH | SFT |
|---|---|---|---|
| AREA OF POR! OF C.S. DAG NO 660 COLOURED IN RED. | 3 | 4 | 23 |
| ADD POR! OF AREA OF 15' WIDE ROAD (660 POR!) FOR RENT. | 1 | 0 | 0 |
| TOTAL TO BE CONVEYED. | 4 | 4 | 23 |

N




VENDOR

DRAWN BY
KAMDAHARI (PO-GARIA)

স্কীমের ১০নং প্লট ভুক্ত সম্পত্তি হইতেছে এবং উক্ত /৩।০২৩ তিন কাঠা চার ছটাক তেইশ বর্গ ফিট জমির লাগ দক্ষিন ও পশ্চিমের ১৫'ফুট প্রশস্ত /১ এক কাঠা রাস্তার জমি রাস্তা স্বরূপে ব্যবহারের সর্ব্ব প্রকার সর্ত্ত যুক্তে মায় উক্ত দক্ষিন ও পশ্চিমে উক্ত রাস্তা সংলগ্ন উক্ত স্কীমের অন্যান্য - রাস্তা ঘাট ইত্যাদি যাবতীয় ইজমেন্ট বর্ত্ত স্বত্ব ও সুযোগ সুবিধা সহ দরবস্ত হক হকুক সম্পত্তি অত্র কোবালা ভুক্ত বিক্রিত সম্পত্তি হইতেছে। উক্ত সম্পত্তির বার্ষিক হারাহারি খাজনা -২২ বাইশ পয়সা পশ্চিম বঙ্গ সরকার পক্ষে জেলা ২৪ পরগণার কালেকটার বাহাদুর সেরেস্তায় আদায় দিতে হয়। ইহার চৌহদ্দিঃ-

উত্তরঃ - সাবেক ৭৭১ নং দাগের জমি।
পূর্ব্বঃ - সাবেক ৬৬০ নং দাগের অনুর্গত ১০এ নং প্লট ভুক্ত জমি।
দক্ষিনঃ- ১৫'ফুট প্রশস্ত রাস্তা।
পশ্চিমঃ - ১৫'ফুট প্রশস্ত রাস্তা।

**।খ। তপশীল টাকার জায**

ইং ৭।২।৬৮ তারিখে বায়না বাবদ প্রদত্ত .......... ৫০১্ টাকা
অদ্য তারিখে প্রদত্ত ১০০্ শত টাকার নোট
৬৬ কেতায় .............. ৬৬০০্
১০্ টাকার নোট ৯ কেতায় .............. ৯০্
খুরচা - ৯্

মোট ৭২০০্ টাকা

মং সাত হাজার দুই শত টাকা মাত্র।

[signature]

ইসাদিঃ -
১।
২।
৩।
৪।

টাইপ কারক

THE SEAL OF THE SUB-REGISTRAR-ALIPUR
DIST.-24-PARGANAS

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS

বিক্রয় কোবালা এক কেতা

তাং ইং ১৯৬৮। ১৩ই মার্চ —

তাং বাং ১৩৭৪। ২৯শে ফাল্গুণ -

THE SEAL OF THE SUB-REGISTRAR-ALIPUR DIST.-24-PARGANAS

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS

দাতাঃ - শ্রী জীতেন্দ্রনাথ বক্সী -

গৃহীতাঃ - শ্রী সুবোধ চন্দ্র সেনগুপ্ত

Book No. I
Volume No. 45
Pages 39 to 45
Being No. 1682
For the year 1968

THE SEAL OF THE SUB-REGISTRAR-ALIPUR DIST.-24-PARGANAS

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS
19.3.68

Kumar Mookherjee
ADVOCATE.

Phone: 46-7154
51A, Banerjee Para Lane, Dhakuria,
Calcutta-31.

200

31st
Dated August ~~10th~~ 1968.

Re: 3 cottahs 4 chittaks and 23 square feet of land along with the right of user of 1 cottah passage land situate and lying at District 24-Parganas, P.S. Old Sadar Tollygunge now Jadavpur Pargana Khaspur Touzi No.151, R.S.No.8, J.L.No.22, Mouza Santoshpur comprised in and being a portion of old C.S. Dag No.660 under old C.S. Khatian No.10 now recorded in R.S. Dag No.741 under R.S.Khatian No.14.

---

This is to certify that I have made investigation and searches in respect of the above property and on and from my said investigation and searches I beg to report the title of the above property as follows :-

The above property along with other properties about 292 bighas of land originally belonged to one Behary Lal Mondal and his name was recorded in C.S. record of rights and one Anil Chandra Chowdhury purchased the said 292 bighas of land from said Bihary Lal Mondal by a registered deed of conveyance dated 30.4.1938 and since then he was in exclusive possession and enjoyment of the said properties as absolute owner thereof free from all encumbrances and his name has been recorded in R.S. record of rights